# সন্ধি প্রকরণ [ Sandhis ]

**পরঃসন্নিকর্ষঃ সংহিতা** (১।৪।১০৯) ॥ পরস্পর নিকটবর্তী দুই বর্ণের মিলনের নাম সন্ধি। যথা — বিদ্যা + আলয়ঃ।

সন্ধি তিন প্রকার — (১) **স্বরসন্ধি**, (২) **ব্যঞ্জন সন্ধি**, (৩) **বিসর্গ সন্ধি**।

(১) **স্বরসন্ধি** ঃ স্বরবর্ণের সঙ্গে স্বরবর্ণের মিলনের নাম স্বরসন্ধি। যথা — মুর + অরিঃ = মুরারিঃ।

(২) **ব্যঞ্জন সন্ধি** ঃ ব্যঞ্জন বর্ণের সঙ্গে ব্যঞ্জন বা স্বরবর্ণের মিলনকে বলে ব্যঞ্জন সন্ধি। যথা — শরৎ + চন্দ্রঃ = শরচ্চন্দ্রঃ, বাক্ + ঈশঃ = বাগীশঃ।

(৩) **বিসর্গ সন্ধি** ঃ বিসর্গের সঙ্গে স্বরবর্ণ বা ব্যঞ্জনবর্ণের সন্ধিকে বলে বিসর্গ সন্ধি। যথা — প্রাতঃ + আশ = প্রাতরাশ। চক্ষুঃ + রোগঃ = চক্ষুরোগঃ।

**সন্ধির নিত্যতা** —

**সংহিতৈক পদে নিত্যা নিত্যা ধাতূপসর্গয়োঃ।**
**সূত্রে শ্লোকে সমাসে চ বাক্যে তু সা বিবক্ষয়া ॥**

অর্থাৎ একপদে, ধাতু ও উপসর্গে, সূত্রে, শ্লোকে এবং সমাসে সন্ধি অবশ্যই করতে হবে। বাক্যের মধ্যে সন্ধি বক্তার ইচ্ছানুযায়ী অর্থাৎ বিকল্পে সন্ধি হয়।

## স্বরসন্ধি

**(১) (অকঃ সবর্ণে দীর্ঘঃ। ৬/১/১০১।) অ এবং আ, ই এবং ঈ, উ এবং ঊ, ঋ এবং ৠ — এই বর্ণগুলি পরস্পর সবর্ণ। সবর্ণের মিলনে দীর্ঘস্বর হয়। যেমন —**

নর + অধমঃ = নরাধমঃ।
মুনি + ইন্দ্রঃ = মুনীন্দ্রঃ।
লঘু + ঊর্মিঃ = লঘূর্মিঃ।
পিতৃ + ঋণম্ = পিতৃণম্।
হোতৃ + ৯ কারঃ = হোতৃকারঃ।

যথা + অর্থঃ = যথার্থঃ।
লক্ষ্মী + ঈশঃ = লক্ষ্মীশঃ।
বধূ + উৎসবঃ = বধূৎসবঃ।
মাতৃ + ঋদ্ধিঃ = মাতৃদ্ধিঃ।

**(২) (আদ্‌গুণঃ। ৬/১/৮৭।) অ কিংবা আ এর পর ই বা ঈ, উ বা ঊ এবং ঋ থাকলে তাদের গুণ হয়।** অর্থাৎ ই/ঈ এর স্থানে এ, উ/ঊ স্থানে ও এবং ঋ স্থানে অর্ হয়।

Scanned by CamScanner

মহা + ঈশঃ = মহেশঃ।
দেব + ইন্দ্রঃ = দেবেন্দ্রঃ।
জল + ঊর্মিঃ = জলোর্মিঃ।
মহা + উচ্ছ্বাসঃ = মহোচ্ছ্বাসঃ।
দেব + ঋষিঃ = দেবর্ষিঃ।
মহা + ঋষিঃ = মহর্ষিঃ।

(৩) (বৃদ্ধিরেচি। ৬/১/৮৮।) অ কিংবা আ এর পর এ/ঐ এবং ও/ঔ এর বৃদ্ধি হয় অর্থাৎ এ/ঐ স্থানে ঐ এবং ও/ঔ স্থানে ঔ হয়।

তব + এব = তবৈব।
মহা + ঐশ্বর্যম্ = মহৈশ্বর্যম্।
তব + ওষ্ঠঃ = তবৌষ্ঠ।
মহা + ঔষধম্ = মহৌষধম্।

(৪) (ইকোযণচি। ৬/১/৭৭।) অন্য স্বরবর্ণ পরে থাকলে ই/ঈ এর স্থানে য্, উ/ঊ স্থানে ব্, ঋ স্থানে র্ হয়।

যদি + অপি = যদ্যপি।
বায়সী + আহ = বায়স্যাহ।
নদী + অম্বু = নদ্যম্বু।
সাধু + ইদম্ = সধ্বিদম্।
মধু + ঋতুঃ = মধ্বৃতুঃ।
সরযূ + অম্বু = সরয্বম্বু।
পিতৃ + আলয় = পিত্রালয়ঃ।
মাতৃ + আদেশঃ = মাত্রাদেশঃ।
পিতৃ + অনুমতিঃ = পিত্রনুমতিঃ।

(৫) (এচোঽয়বায়াবঃ। ৬/১/৭৮।) স্বরবর্ণ পরে থাকলে এ স্থানে অয়্, ঐ স্থানে আয়্, ও স্থানে অব্ এবং ঔ স্থানে আব্ হয়।

শে + অনম্ = শয়নম্।
নৈ + অকঃ = নায়কঃ।
পো + ইত্রম্ = পবিত্রম্।
দ্বৌ + ইমৌ = দ্বাবিমৌ।

(৬) (এঙঃ পদান্তাদতি। ৬/১/১০৯।) পদান্ত এ এবং ও এর পরবর্তী অ-কার লোপ পায়। সেস্থানে লুপ্ত অকারের (ঽ) চিহ্ন হয়।

এতে + অত্র = এতেঽত্র।
প্রভো + অর্পয় = প্রভোঽর্পয়।

(৭) (ঋতে চ তৃতীয়া সমাসে বা।) (বা) অ/আ এরপর তৃতীয়া তৎপুরুষসমাসান্ত 'ঋত' শব্দের ঋ স্থানে আর্ হয়।

শীত + ঋতঃ = শীতার্তঃ।
ক্ষুধা + ঋতঃ = ক্ষুধার্তঃ।

(৮) (লোপঃ শাকল্যস্য। ৮/৩/১০।) এ, ঐ, ও এবং ঔ এর স্থানে যে যথাক্রমে অয়্, আয়্, অব্, এবং আব্ হয় ; তাদের য় এবং ব্ বিকল্পে লোপ পায়।

সখে + আগচ্ছ = সখ আগচ্ছ / সখয়াগচ্ছ।
শ্রিয়ৈ + এহি = শ্রয়াএহি / শ্রিয়ায়েহি।

Scanned by CamScanner

প্রভো + আগচ্ছ = প্রভআগচ্ছ / প্রভবাগচ্ছ।
রবৌ + উদিতে = রবাউদিতে / রবাবুদিতে।

(৯) বিশেষ সন্ধি ঃ (অধ্ব পরিমাণে চ)।

প্র + ঊঢ়ঃ = প্রৌঢ়ঃ।
প্র + এষ্যঃ = প্রেষ্যঃ।
শিব + এহি = শিবেহি।
উপ + এহি = উপেহি।
অব + এতি = অবৈতি।
গো + ইন্দ্রঃ = গবেন্দ্রঃ।
অক্ষ + ঊহিণী = অক্ষৌহিণী।
দশ + ঋণম্ = দশার্ণম্।
স্ব + ঈরিণী = স্বৈরিণী।
গো + অক্ষঃ = গবাক্ষঃ।
উপ + এতি = উপৈতি।
গো + যম্ = গব্যম্।

(১০) নিপাতনে সন্ধি ঃ (শকন্ধ্বাদিষু পররূপং বাচ্যম্) বা।

শক + অন্ধুঃ = শকন্ধুঃ।
সার + অঙ্গ = সারঙ্গঃ
গো + যূতিঃ = গব্যূতিঃ।
কুল + অটা = কুলটা।
মনস্ + ঈষা = মনীষা।
পতৎ + অঞ্জলিঃ = পতঞ্জলিঃ।
সীমন্ + অন্তঃ = সীমন্তঃ।
মার্ত + অণ্ডঃ = মার্তণ্ডঃ।

(১১) সন্ধি নিষেধ ঃ (প্লুতপ্রগৃহ্যা অচিনিত্যম্ ৬।১।১২৫)। দ্বিবচনান্ত ঈ, ঊ এবং এ কারান্ত পদ ও বহুবচনান্ত অমী ও অমূ পদের সঙ্গে পরবর্তী পদের সন্ধি হয় না।

(দূর আহ্বানে চ রোদনে চ প্লুতো জ্ঞেয়ঃ)। প্লুত স্বরের সঙ্গে পরপদের সন্ধি হয়না।

কবী + ইমৌ = কবীইমৌ।
লতে + এতে = লতে এতে।
অমী + অশ্বাঃ = অমীঅশ্বাঃ।
সাধূ + ইমৌ = সাধূইমৌ।
যাচেতে + অর্থম্ = যাচেতেঅর্থম্।
কৃষ্ণ৩ + এহি = কৃষ্ণ৩ এহি।

**শিক্ষণীয় আরও কয়েকটি সন্ধি ঃ**

মহা + ঋষিঃ = মহর্ষি।
বি + ঋদ্ধিঃ = ব্যৃদ্ধিঃ।
পরম + ঋতঃ = পরমর্তঃ।
মাতৃ + ঋণম্ = মাতৃণম্।
মধু + ঋতে = মধ্বৃতে।
হিম + ঋতুঃ = হিমর্তুঃ।
গঙ্গে + ইমে = গঙ্গেইমে (সন্ধি হয় না)।
বিধৌ + উদিতে = বিধাবুদিতে / বিধাউদিতে।

Scanned by CamScanner

সাধু + আয়াতঃ = সাধু আয়াতঃ (সন্ধি হয় না)।
রবৌ + অস্তমিতে = রবাবস্তমিতে / রবাঅস্তমিতে।
বিম্ব + ওষ্ঠঃ = বিম্বোষ্ঠ / বিম্বৌষ্ঠঃ।
বি + উঢ়ঃ = ব্যূঢ়।

## অনুশীলনী (Exercise)

১. **Define সন্ধি and classify the Sandhis write places where it is optional and where it is compulsory**

২. **Distinguish between সমাস and সন্ধি**

৩. **সন্ধি কর** (Join the Sandhis) : উত্তম + অঙ্গম্। ভূ + ঊর্ধ্বম্। জল + ওঘঃ। মাতৃ + আশীর্বাদঃ। প্রতি + একম্। শ্রিয়ৈ + অর্থঃ। মধু + আদিঃ। দুঃখ + ঋতঃ। সুখ + ঋতে। মাতৃ + আদেশঃ। হরে + অত্র। তে + এব। যাচেতে + অর্থম্। সাধূ + এতৌ। অমী + অশ্বাঃ। সীমন্ + অন্ত। স্ব + ঈরঃ। ঋণ + ঋণম্। সখে + উচ্যতাম্। দাতৃ + এষণা,

৪. **সন্ধি বিচ্ছেদ কর** (Disjoin the Sandhis) : সাধূক্তম্, গঙ্গোর্মিঃ, জলৌকসঃ, রাজর্ষিঃ, মতৈক্যম্, জনৈকঃ, অত্যাচারঃ, অন্বেষণম্, দ্বয়োঃ, গবে, অমীঅশ্বাঃ, স্বৈরঃ, পরমর্তঃ, হিমর্তুঃ, অবেহি, গবীশঃ, সারঙ্গ, রবাঅস্তমিতে।

৫. **সংশোধন কর** (Correct) : যদ্যাপি, পশ্বাধমঃ, পিত্রোক্তিঃ, তবোষ্ঠঃ, মমেতৎ, সাধ্বিমৌ, অশ্বর্ভকৌ, প্রৈজতে, উপেতি, অবৈহি, জাত্যাভিমানঃ।

Scanned by CamScanner

# বিসর্গ সন্ধি

**(১) (স্তোঃ শ্চুনাশ্চুঃ) ৮।৪।৪০।** (ঃ + চ / ছ = শ্চ / শ্ছ)
পূর্ণঃ + চন্দ্র = পূর্ণশ্চন্দ্র। তরোঃ + ছায়া = তরোশ্ছায়া।

**(২) (ভোভগো অঘো অপূর্বস্য যোঽশি ৮।৩।১৭)।** (অঃ + স্বর থাকিলে বিসর্গের লোপ হয়।) কুতঃ + আগতঃ = কুতআগতঃ।
চন্দ্রঃ + উদেতি = চন্দ্রউদেতি।

(আঃ + স্বর্ / অন্তঃস্থ বর্ণ / বর্গের ৩য়, ৪র্থ, ৫ম বর্ণ থাকলে ঃ বিসর্গের লোপ হয়।) গতাঃ + অশ্বাঃ = গতাঅশ্বাঃ।

**(৩) (সসজুষোরুঃ) ৮।২।৬৬। (আ বাদে স্বরঃ + স্বরবর্ণ / অন্তঃস্থবর্ণ / বর্গের ৩য় / ৪র্থ / ৫ম বর্ণ থাকলে বিসর্গের স্থানে র্ হয়।)**
কবিঃ + অয়ম্ = কবিরয়ম্। বহিঃ + যোগঃ = বহির্যোগঃ।
নিঃ + লোভঃ = নির্লোভঃ। শিশুঃ + হসতি = শিশুর্হসতি।

**(৪) (অতোরোরপ্লুতাদপ্লুতে। হসি চ) ৬।১।১১৩। (অঃ + বর্গের ৩য় / ৪র্থ / ৫ম ও অন্তঃস্থবর্ণ থাকলে অঃ - ওকার হয়।)** মনঃ + রমঃ = মনোরমঃ।
সদ্যঃ + জাতঃ = সদ্যোজাতঃ। নমঃ + নারায়ণায়। = নমোনারায়ণায়।

**(৫) (অঃ + অ হলে অঃ ও কার হবে এবং পরের অকারটি লুপ্ত হয়ে লুপ্ত অকারের চিহ্ন ঽ হবে। )** সঃ + অহম্ = সোঽহম্। নরঃ+ অয়ম্ = নরোঽয়ম্।
কঃ + অত্র = কোঽত্র।

**(৬) (ঃ + ক / প থাকিলে ঃ বিসর্গস্থানে স্ হয়।)** নিঃ + কামঃ = নিষ্কামঃ।
বাচঃ + পতিঃ = বাচস্পতিঃ। দুঃ + কৃতম্ = দুষ্কৃতম্।
শ্রেয়ঃ + করঃ = শ্রেয়স্করঃ।

(৭) (রোরি) ৮।৩।১৪। (ঢ্রলোপে পূর্বস্য দীর্ঘোঽণঃ) ৬।৩।১১১।

Scanned by CamScanner

**(ঃ + র থাকলে ঃ বিসর্গের লোপ হয় এবং বিসর্গের পূর্ববর্তী হ্রস্ব স্বরটি দীর্ঘ হয়।)**

স্বঃ + রাজ্যম্ = স্বারাজ্যম্। চক্ষুঃ + রোগঃ = চক্ষূরোগঃ। পিতঃ + রক্ষ = পিতারক্ষ। মাতুঃ + রোদনম্ = মাতূরোদনম্। নিঃ + রোগঃ = নীরোগঃ।

**(৮) (এতত্তদোঃ সুলোপোঽ কোরনঙ্ সমাসে হলি) ৬।১।১৩২। (সঃ অথবা এষঃ + অকার বাদে বর্ণ থাকলে বিসর্গের লোপ হয়। )**

সঃ + গচ্ছতি = সগচ্ছতি। এষঃ + ধাবতি = এষধাবতি।

*আরও বিশেষ কয়েকটি সন্ধি —*

| | | | |
|---|---|---|---|
| স্বঃ + গতঃ = | স্বর্গতঃ। | পুনঃ + অপি = | পুনরপি। |
| প্রাতঃ + রম্যম্ = | প্রাতারম্যম্। | মাতঃ + রমে = | মাতারমে। |
| নিঃ + রবঃ = | নীরবঃ। | রামঃ + উবাচ = | রামউবাচ। |
| ততঃ + তস্য = | ততস্তস্য। | | |
| গীঃ + পতিঃ - | গীষ্পতি / গীঃপতিঃ / গীপতিঃ। | | |

## অনুশীলনী (Exercise)

১. **Define ব্যঞ্জনসন্ধি**

২. **সন্ধি কর** (Join the Sandhis) : তরু + ছায়া। চলন্ + তরু। তৎ + শাসনম্। উৎ + স্থানম্। শ্রদ্ধাবান্ + লভতে। বাক্ + ঈশ্বরী। মৃৎ + ময়ঃ। ধাবন্ + ছাগঃ। তৎ + দেহম্। পরি + ছেদঃ। মহান্ + শব্দ। চলৎ + চিত্তম্। ষট্ + আননম্। পুনঃ + ইহ। স্বঃ + রাজ্যম্। হরিঃ + রমতে। মহান্ + লাভঃ। তৎ + লুনাতি। জগৎ + নাথঃ। তান্ + তান্। নৃত্যম্ + চকোরঃ। অস্মান্ + অত্র। পুমান্ + কোকিলঃ। বাক্ + ময়ঃ। শ্রীমান্ + ত্যজসি। মহান্ + ছেদঃ। চিৎ + মাত্রম্। পুম্ + কোকিলঃ। বহিঃ + গতঃ। পিতঃ + এব। নিঃ + ফলম্। স্বঃ + গতঃ। প্রাতঃ + রম্যম্। সঃ + গচ্ছতি। অপ্ + জ।

৩. **সন্ধি বিচ্ছেদ কর** (Disjoin the Sandhis) : দিঙ্নাগঃ, শান্তঃ, নিজন্তঃ, যজ্ঞঃ, উচ্ছ্বাসঃ, উল্লেখঃ, তচ্ছকটম্, ধাবঞ্ছশঃ, আশ্চর্যম্, বনস্পতিঃ, স্রষ্টা, পুরস্কারঃ, চতুষ্কোণম্, এষইচ্ছতি, মাতূরোদনম্, প্রাতরাশঃ, দুর্নীতিঃ, কৃতআগতঃ, সদ্যোজাতঃ, নরোঽয়ম্, উন্নতস্তরুঃ, নিশ্চয়ঃ, নীরোগ, স আগতঃ, ষষ্ঠঃ, সন্নাহ, নিষ্কামঃ, উদ্ধতঃ, অহরহ, কশ্চিৎ, নিজন্তঃ, বৃংহিতম্, যজ্ঞ, সংস্কৃতম্।

৪. **সংশোধন কর** (Correct) : মনোকষ্টম্, তরোচ্ছায়া, রামোবাচ, প্রাতোভ্রমণম্, সোবদতি, ভোঃ অম্বরীশ, জগবন্ধুঃ, পতন্তরুঃ, পৃথকান্নঃ, মহান্নাগ্রহঃ, সৈষো রাজা, ষড়নবতি, পুস্কোকিলঃ, হসঞ্চলতি, পুনোঽসৌ, ভ্রাতোরক্ষ, শিরচ্ছেদঃ, ভবান্নাগতঃ, পুনোরাজা।

Scanned by CamScanner